## পরিবার সঞ্চয়পত্র (প্রবর্তনঃ ২০০৯ খ্রিঃ)

**মূল্যমানঃ** ১০,০০০ টাকা; ২০,০০০ টাকা; ৫০,০০০ টাকা; ১,০০,০০০ টাকা; ২,০০,০০০ টাকা; ৫,০০,০০০ টাকা এবং ১০,০০,০০০ টাকা।

**যেখানে পাওয়া যায়ঃ** জেলা সঞ্চয় অফিস ও জাতীয় সঞ্চয় বিশেষ ব্যুরোসমূহ, বাংলাদেশ ব্যাংকের শাখাসমূহ, বাণিজ্যিক ব্যাংকসমূহ এবং ডাকঘর থেকে ক্রয় ও নগদায়ন করা যায়।

**মেয়াদঃ** ৫ (পাঁচ) বছর।

**মুনাফা হারঃ**

| সঞ্চয় স্কিমের নাম | মেয়াদ (উত্তীর্ণ হইলে) | ৭,৫০,০০০ টাকা পর্যন্ত | ৭,৫০,০০১ টাকা হতে তদূর্ধ্ব |
|---|---|---|---|
| পরিবার সঞ্চয়পত্র | | পুনঃনির্ধারিত মুনাফার হার (%) | |
| | ১ম বছরান্তে | ৯.৮১ | ৯.৭২ |
| | ২য় বছরান্তে | ১০.২৯ | ১০.১৯ |
| | ৩য় বছরান্তে | ১০.৮০ | ১০.৭০ |
| | ৪র্থ বছরান্তে | ১১.৩৫ | ১১.২৩ |
| | ৫ম বছরান্তে | ১১.৯৩ | ১১.৮০ |

মেয়াদপূর্তির পূর্বে নগদায়ন করলে উপর্যুক্ত ছকে উল্লিখিত হারে মুনাফা প্রাপ্য হবে এবং অতিরিক্ত অর্থ পরিশোধিত হয়ে থাকলে তা মূল টাকা হতে কর্তন করে সমন্বয়পূর্বক অবশিষ্ট মূল টাকা পরিশোধ করা হবে।

**উৎসে করঃ উৎসে করঃ** আয়কর আইন-২০২৩ এর ১০৫ ধারা অনুযায়ী মুনাফার উপর উৎসে করা কর্তন করা হয়।

**যারা ক্রয় করতে পারবেনঃ**

(ক) ১৮ (আঠার) ও তদুর্ধ্ব বয়সের যে কোন বাংলাদেশী মহিলা;

(খ) যে কোন বাংলাদেশী শারীরিক প্রতিবন্ধী (পুরুষ ও মহিলা) এবং

(গ) ৬৫ (পঁয়ষট্টি) ও তদুর্ধ্ব বয়সের যে কোন বাংলাদেশী (পুরুষ ও মহিলা) নাগরিক।

**ক্রয়ের উর্ধ্বসীমাঃ** একক নামে সর্বোচ্চ ৪৫ (পঁয়তাল্লিশ) লক্ষ টাকা।

**অন্যান্য সুবিধাঃ**

(ক) মাসিকভিত্তিতে মুনাফা প্রদেয়;

(খ) নমিনি নিয়োগ/পরিবর্তন ও বাতিল করা যায়;

(গ) সঞ্চয়পত্রের ক্রেতার মৃত্যুর পর নমিনি সাথে সাথেই সঞ্চয়পত্র নগদায়ন করে টাকা উত্তোলন করতে পারেন অথবা মেয়াদ পূর্ণ হওয়া পর্যন্ত যথারীতি মাসে মাসে মুনাফা উত্তোলন করতে পারেন।

**বিঃদ্রঃ** ৫ (পাঁচ) বছর মেয়াদী বাংলাদেশ সঞ্চয়পত্র, তিন মাস অন্তর মুনাফাভিত্তিক সঞ্চয়পত্র ও পরিবার সঞ্চয়পত্রে সমন্বিতভাবে একক নামে সর্বোচ্চ ৫০ লক্ষ টাকা **অথবা** যুগ্মনামে সর্বোচ্চ ১ কোটি টাকা বিনিয়োগ করা যাবে। উল্লেখ্য যে, পরিবার সঞ্চয়পত্র যৌথ নামে ক্রয় করা যায় না।